



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসি আয়োজিত প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ অক্টোবর ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত **Training on Research Fund Management** শীর্ষক প্রশিক্ষন কর্মশালার উদ্বোধন করা হয়েছে। ১৫ অক্টোবর ২০২২ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এই কর্মশালার উদ্বোধন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি এবং রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ আবু তাহের। এসময় প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বিশ্ববিদ্যালয় মানে শুধু একটি বড় ক্যাম্পাস নয়। এখানে জ্ঞান সৃষ্টি করতে হবে, জ্ঞান বিতরণ করতে হবে এবং জ্ঞান সংরক্ষন করতে হবে। উচ্চ শিক্ষা অর্জনের পাশাপাশি শিক্ষার গুণগতমান নিশ্চিত করতে হবে। থাকতে হবে মুক্তবুদ্ধি চর্চার সুযোগ। তা নাহলে বিশ্বায়নের এ যুগে আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করা সম্ভব হবে না। এদেশের গরীব দুঃখি মানুষের ট্যাক্সের টাকার যাতে সঠিক প্রয়োগ ঘটে সে বিষয়ে আমাদেরকে বিশেষ গুরুত্ব দিতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেলের পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. রহিমা নাসরিন। আইকিউএসি আয়োজিত এ প্রশিক্ষন কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ২৪টি বিভাগের চেয়ারম্যানবৃন্দসহ প্রতিটি বিভাগ থেকে মনোনীত একজন শিক্ষক, গবেষণা ও সম্প্রসারণ অফিসের পরিচালক, রেজিস্ট্রার দপ্তর এবং অর্থ ও হিসাব শাখা হতে মাননীয় একজন কর্মকর্তা অংশগ্রহণ করেন। কর্মশালাটি শেষ হবে দুপুর ২ টায়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়